

১. হামিদ বলল, “তোমরা আগামীকাল এসো।” - এর পরোক্ষ উক্তি কোনটি?

- ক) হামিদ তাদের পরদিন আসতে (বা যেতে) বলল  
খ) হামিদ তাদের গতকাল আসতে (বা যেতে) বলল  
গ) হামিদ তাদের আগামীকাল আসতে (বা যেতে) বলল  
ঘ) হামিদ আমাদের পরদিন আসতে (বা যেতে) বলল

২. কোনো কিছু বলাকে কী বলে?

- ক) বচন  
খ) উক্তি  
গ) প্রত্যয়  
ঘ) বাক্য

৩. শিক্ষক বললেন, “পৃথিবী গোলাকার।” এর পরোক্ষ উক্তি কোনটি হবে?

- ক) শিক্ষক বললেন যে, পৃথিবী গোলাকার  
খ) শিক্ষক বললেন, পৃথিবী গোলাকার  
গ) শিক্ষক বললেন পৃথিবী হয় গোলাকার  
ঘ) শিক্ষক বললেন যে গোলাকার এই পৃথিবী

৪. সে বলল, “আমি ভালো আছি” - বাক্যটির পরোক্ষ উক্তি কোনটি?

- ক) সে বলল, সে ভালো আছে  
খ) সে বলল, আমি ভালো আছি  
গ) সে বলল যে, আমি ভালো আছি  
ঘ) সে বলল যে, সে ভালো আছে

৫. পরোক্ষ উক্তিতে পরিবর্তনের ক্ষেত্রে উদ্ধরণ চিহ্নের স্থানে কোন অব্যয়টি ব্যবহার করা হয়?

- ক) যা খ) যে গ) যথা ঘ) যেমন

৬. প্রত্যক্ষ উক্তিতে কোনো চিরন্তন সত্য থাকলে পরোক্ষ উক্তিতে কীসের পরিবর্তন হয় না?

- ক) কালের  
খ) ভাবের  
গ) উক্তির  
ঘ) পুরুষের

৭. “আমি আছি, ভয় কেন মা করো?” - কোন ধরনের উক্তি?

- ক) প্রশ্নবোধক  
খ) পুনরুক্তি  
গ) প্রত্যক্ষ  
ঘ) পরোক্ষ

৮. প্রত্যক্ষ উক্তির ‘আগামী কাল’ পরোক্ষ উক্তিতে কী হয়?

- ক) আগের দিন  
খ) পরের দিন  
গ) পূর্ব দিন  
ঘ) সেদিন

৯. প্রত্যক্ষ উক্তির কালসূচক শব্দ ‘গতকাল্য’ পরোক্ষ উক্তিতে কী হয়?

- ক) আগামীকাল  
খ) পূর্ব দিন  
গ) পরের দিন  
ঘ) সেদিন

১০. অর্থসংগতি রক্ষার জন্য পরোক্ষ উক্তিতে পরিবর্তন করতে হয় -

- ক) প্রশ্ন চিহ্নের  
খ) অনুজ্ঞা পদের  
গ) ক্রিয়ার কালের  
ঘ) আবেগসূচক উক্তির

১১. উক্তি কথাটির আভিধানিক অর্থ কী?

- ক) কথনীয়  
খ) বচন  
গ) কথন  
ঘ) সারকথা

১২. বশির আমাকে বলল, “আমি এক্ষুণি আসছি” - পরোক্ষ উক্তিতে বাক্যটি কী হবে?

- ক) বশির আমাকে বলল যে আমি এক্ষুণি যাচ্ছি  
খ) বশির আমাকে বলল যে সে এক্ষুণি আসছে  
গ) বশির আমাকে বলল যে সে তক্ষুণি যাচ্ছে  
ঘ) বশির আমাকে বলল যে তুমি তক্ষুণি যাচ্ছ

১৩. শিক্ষক বললেন, “চুপ কর।” - এর পরোক্ষ উক্তি কোনটি?

- ক) শিক্ষক চুপ করতে বললেন  
খ) শিক্ষক বললেন যে, চুপ কর  
গ) শিক্ষক চুপ করার আদেশ দিলেন  
ঘ) শিক্ষক চুপ করার অনুরোধ জানালেন

১৪. প্রত্যক্ষ উক্তির মধ্যে চিরন্তন সত্য থাকলে কালের কী পরিবর্তন হয়?

- ক) আংশিক পরিবর্তন হয়  
খ) অর্ধেক পরিবর্তন হয়  
গ) পরিবর্তন হয় না  
ঘ) সম্পূর্ণ পরিবর্তন হয়

১৫. বক্তার প্রত্যক্ষ উক্তিকে কোন যতিচিহ্নের অন্তর্ভুক্ত করতে হয়?

- ক) কোলন  
খ) ডায়াস চিহ্ন  
গ) বন্ধনী চিহ্ন  
ঘ) উদ্ধরণ চিহ্ন

১৬. প্রত্যক্ষ উক্তির কালসূচক শব্দের গতকাল শব্দটি পরোক্ষ উক্তিতে কীভাবে পরিবর্তিত হবে?

- ক) পূর্বদিন  
খ) সেদিন  
গ) আগের দিন  
ঘ) গতকাল্য

১৭. কোনো কথকের বাক্য কর্মের নাম কী?

- ক) বাচ্য  
খ) বাগবিধি  
গ) উক্তি  
ঘ) প্রবাদ